অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/18/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

উল্লেখযোগ্য শীতকালীন ঝড়ের পূর্বে গভর্নর কুওমো স্টেটের সংস্থান কাজে নিয়োজিত করলেন

এই উইকএন্ডে নিউ ইয়র্কের বেশির ভাগ অঞ্চল 12 থেকে 24 ইঞ্চি বরফ অভিজ্ঞতা করবে

গভর্নর ন্যাশনাল গার্ডের (National Guard) 300 সদস্যকে সক্রিয় করলেন এবং ঝড়ের প্রতিক্রিয়ায় সহায়তা করার জন্য 150 জন স্ট্যান্ডবাই থাকবে

নিউ ইয়র্কবাসীকে শীতকালীন নিরাপদ গাড়ি চালানোর ব্যাপারে শেখাতে সাহায্য করতে নতুন ওয়েবসাইট এবং সচেতনতা ক্যাম্পেইন

পুরো স্টেটে রিজিওনাল জরুরি অপারেশন কেন্দ্রগুলি (Emergency Operations Centers) এনহ্যান্সড মনিটরিং মোডে (Enhanced Monitoring Mode) সক্রিয় হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে গুরুতর আবহাওয়া সিস্টেম যার ফলে এই সপ্তাহান্তে স্টেটের বেশির ভাগ অঞ্চলে উল্লেখযোগ্য পরিমাণ তুষারপাত হবে, তার পূর্বেই স্টেটের সংস্থান কাজে নিয়োগ করা হবে। গভর্নর ন্যাশনাল গার্ডের 300 সদস্যকে সক্রিয় করেছেন, 150 জন স্ট্যান্ডবাই, যাদের পরিবহন সমর্থন প্রদান এবং ধ্বংসাবশেষ পরিষ্কারের কাজে নিয়োজিত করা হবে। এছাড়াও গভর্নর পুরো স্টেটের সব রিজিওনাল জরুরি অপারেশন কেন্দ্রগুলিকে এনহ্যান্সড মনিটরিং মোডে সক্রিয় করে দিয়েছেন এবং স্টেটের এজেন্সি সংস্থান কাজে নিয়োজিত করেছেন, যার মধ্যে রাস্তা ও কমিউনিটি নিরাপদ রাখতে পরিবহন অধিদপ্তর (Department of Transportation) ও থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) অন্তর্ভুক্ত।

"আসন্ন ঝড়টি হবে ঝামেলাপূর্ণ এবং বিপজ্জনক কারণ অনেক বড় ভৌগলিক এলাকায় উচ্চমাত্রার তুষার থাকবে, এবং স্টেট প্রস্তুতি হিসেবে উল্লেখযোগ্য পরিমাণ সংস্থান কাজে নিয়োজিত করবে", **গভর্নর কুওমো বলেন।** "অত্যন্ত প্রয়োজন না হলে গাড়িচালকদের উচিত রাস্তায় না নামা এবং বাসিন্দাদের উচিত সম্ভাব্য বিদ্যুৎ বিভ্রাটের জন্য প্রস্তুতি নেওয়া। পরিস্থিতি পর্যবেক্ষণ করার জন্য এই সপ্তাহান্তে পুরো স্টেটে জরুরি অপারেশন কেন্দ্রগুলি সক্রিয় করা হয়েছে এবং আমরা ইতিমধ্যেই উল্লেখযোগ্য পরিমাণ অতিরিক্ত সংস্থান ও সম্পদ কাজে লাগিয়ে দিয়েছি যাতে ঝড়ের পুরো সময়ে নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা নিশ্চিত করতে পারি।"

পাশাপাশি, গভর্নর ঘোষণা করলেন যে স্টেটের পরিবহন অধিদপ্তর শীতকালীন পরিস্থিতিতে নিরাপদে গাড়ি চালানো প্রচার করার জন্য একটি নতুন জন শিক্ষা ক্যাম্পেইন শুরু করেছে। একটি নতুন ওয়েবসাইট, ভিডিও এবং সোশ্যাল মিডিয়া মোটরচালকদের তুষার ও বরফ পরিস্থিতিতে নিরাপদে গাড়ি চালাতে অনুপ্রাণিত করবে, এবং গাড়িচালকদের তাগিদ দিবে যাতে তারা স্নো প্লাওগুলিকে নিরাপদে কাজ করার জন্য যথেষ্ট জায়গা প্রদান করে।

পুরো আপস্টেটের শীতকালীন ঝড় সতর্কতার (Winter Storm Warnings) ফলে এই সপ্তাহান্তে পুরো আপস্টেট নিউ ইয়র্কের বাসিন্দাদের সাধারণভাবে 12 থেকে 24 ইঞ্চি তুষারপাতের আশঙ্কা করা উচিত। ঝড়টি দক্ষিণপশ্চিম দিক থেকে শনিবার সকালে শুরু হবে এবং শনিবার বিকাল ও সন্ধ্যায় পুরো স্টেটে ছড়িয়ে পড়বে। সর্বাধিক ভারি তুষারপাত হবে শনিবার রাত ও রবিবার পুরো দিন জুড়ে। তুষারপাতের পূর্বাভাস একই রয়েছে যে আপস্টেটের অধিকাংশ 14 থেকে 20 ইঞ্চি তুষার পেতে যাচ্ছে এবং রাজধানী অঞ্চলের একটি অংশ 24 ইঞ্চি পর্যন্ত তুষার পেতে পারে। তুষার সোমবার পর্যন্ত থাকবে এবং সাথে ঝড়ো বাতাস থাকবে যার ফলে তুষার উড়বে।

নিউ ইয়র্ক শহরে তিন থেকে ছয় ইঞ্চি পর্যন্ত তুষারপাত হবে বলে আশঙ্কা করা হচ্ছে এবং শনিবার সন্ধ্যায় তা বৃষ্টিতে রূপান্তরিত হবে। লং আইল্যান্ডে দুই থেকে পাঁচ ইঞ্চি পর্যন্ত তুষারপাত হতে পারে যা পরবর্তীতে বৃষ্টিতে রূপান্তরিত হবে। মধ্য-হাডসন অঞ্চলে, পূর্ণ তুষারপাত ধীরে ধীরে তুষার, বৃষ্টি এবং বরফ টুকরোতে রূপান্তরিত হবে। স্টেটের বাকি অংশে পূর্ণ তুষার থাকবে। বাতাসের গতি সিস্টেম চলাকালীন ঘটনায় 35 মাইল গতিবেগ অর্জন করতে পারে।

ডাউনস্টেট এলাকাগুলিতে শনিবার বেশ সকালেই তুষার বৃষ্টিতে রূপান্তরিত হবে, যা নিউ ইয়র্ক শহর ও লং আইল্যান্ডের কিছু তুষার গলাতে সাহায্য করবে। মধ্য-হাডসন অঞ্চলে, তুষার থেকে রূপান্তর ডাউনস্টেটের মত এত পরিষ্কারভাবে হবে না, যেখানে মিশ্র তুষারপাত রূপান্তরিত হয়ে পূর্ণ তুষারপাত হবে।

আনুমানিক 36 ঘন্টায় সাধারণ রিজিওনাল মোট তুষারপাত জমার সম্ভাবনাঃ

- লেক ইরি, লেক অন্টারিও এবং উত্তর সীমান্তের উপকূল দিয়ে 8 থেকে 12 ইঞ্চি
- পশ্চিম নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, পশ্চিম সাউদার্ন টিয়ার, উত্তর কেন্দ্রীয় নিউ ইয়র্ক এবং সেন্ট্রাল অ্যাড্রিন্ড্যাক্সে 11 থেকে 15 ইঞ্চি
- সাউদার্ন টিয়ার, কেন্দ্রীয় নিউ ইয়র্ক, মোহক ভ্যালি, দক্ষিণপূর্ব উত্তর দেশে 14 থেকে 20 ইঞ্চি
- দক্ষিণপূর্ব মোহক ভ্যালির একটি অংশে ও রাজধানী অঞ্চলে 19 থেকে 25 ইঞ্চি
- উত্তর মধ্য-হাডসনে 11 থেকে 15 ইঞ্চি
- কেন্দ্রীয় মধ্য-হাডসনে 8 থেকে 12 ইঞ্চি
- দক্ষিণ মধ্য-হাডসনে 6 থেকে 9 ইঞ্চি
- নিউ ইয়র্ক শহরে 3 থেকে 6 ইঞ্চি
- লং আইল্যান্ডে 2 থেকে 5 ইঞ্চি

নিউ ইয়র্কবাসীদের সর্বশেষ তথ্য পেয়ে আপডেট থাকতে তাদের স্থানীয় আবহাওয়া রিপোর্টগুলোতে গভীর মনোযোগ দেয়া উচিত। সেইসাথে, ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) স্টেটের বেশিরভাগ অঞ্চলের জন্য ইতিমধ্যে আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কতা এবং পরামর্শ ইস্যু, বা পূর্ব-নির্ধারিত করেছে। আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশক এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য, ভিজিট করুন ন্যাশনাল ওয়েদার সার্ভিস ওয়েবসাইট।

এজেন্সির প্রস্তুতি

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন

স্টেটের পরিবহন অধিদপ্তর 1,602টি প্লাও ট্রাক মোকাবেলা করতে তৈরি।

এর মধ্যে, 100টি সংরক্ষিত ট্রাক এইভাবে কাজে নিয়োজিত করা হবেঃ

- রাজধানী অঞ্চলে সাতটি
- কেন্দ্রীয় নিউ ইয়র্কে সাতটি
- লং আইল্যান্ডে 40টি
- মধ্য-হাডসন অঞ্চলে 25টি
- মোহক ভ্যালিতে দুইটি
- উত্তর দেশে একটি
- সাউদার্ন টিয়ারে চারটি
- পশ্চিম নিউ ইয়র্কে 14টি

পাশাপাশি, অধিদপ্তরের রয়েছে 50টি টো প্লাও, 326টি বড় লোডার, 38টি স্নোব্লোয়ার, 20টি গ্রেডার, 204টি মাঝারি প্লাওসহ পিকআপ ট্রাক, 32টি ট্রাক্টর ট্রেলার, এবং 450,000 টনের বেশি লবণ। শীতকালীন ঝড়ের অগ্রগতিতে সমগ্র স্টেট জুড়ে রাস্তা সুরক্ষিত রাখতে সাহায্য করতে এই সরঞ্জাম এর পাশাপাশি 3,900 এর বেশি কর্মকর্তা ও সুপারভাইজার নিয়োগ করা হয়েছে।

ত্রিশটি ট্রাক, 30 জন অপারেটর এবং চারটি যন্ত্র অপারেটর নির্দেশককে লং আইল্যান্ড থেকে রাজধানী অঞ্চল, কেন্দ্রীয় নিউ ইয়র্ক, লোয়ার হাডসন ভ্যালি এবং সাউদার্ন টিয়ার/বিংহ্যাম অঞ্চলে পাঠানো হবে।

পাশাপাশি, সিরাকিউসের দক্ষিণে I-81 তে সেবা বৃদ্ধির জন্য উত্তর দেশ কেন্দ্রীয় নিউ ইয়র্ককে সহায়তা করবে।

মোটরচালকদের যাত্রার পূর্বে 511NY এখানে দেখতে বা মোবাইল অ্যাপ ডাউনলোড করতে মনে করানো হচ্ছে। এই বিনামূল্যের পরিষেবাটি ব্যবহারকারীদের রাস্তার অবস্থা দেখার সুযোগ দেয় এবং এতে রয়েছে একটি শীতের যাত্রার সতর্কীকরণ পদ্ধতি যা বাস্তব-সময়ে যাত্রার রিপোর্ট ও কোন কোন স্টেট রাস্তা পরিষ্কার, ভেজা বা বরফে ঢাকা তা প্রদর্শন করে। পদ্ধতিটি মোটরচালকদের যাত্রা করা আদৌ সমীচীন কি না তা নির্ধারণ করতে একটা উপকারী সংস্থান প্রদান করে।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)র 663 জন সুপারভাইজার ও অপারেটর আছে যারা সমগ্র স্টেট জুড়ে 250 টি বড় স্নো প্লাও, 129 টি মাঝারি স্নো প্লাও, 11 টি টো প্লাও এবং 58 টি লোডার কাজে নিয়োজিত করতে এবং 123,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা iPhone ও Android ডিভাইসে ডাউনলোড করতে বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরচালকদের বাস্তব-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে এই লিঙ্ক www.thruway.ny.gov/tas/index/shtml অনুসরণ করে। সঠিক সময়ের আপডেটের জন্য, মোটরচালকরা থ্রুওয়ে ও নিউ ইয়র্কের অন্যান্য রাস্তার ট্রাফিক পরিস্থিতি প্রদর্শনকারী ইন্টারেক্টিভ ম্যাপ দেখতে টুইটারে @ThruwayTraffic অনুসরণ করতে পারেন অথবা www.thruway.ny.gov ভিজিট করতে পারেন।

স্টেট পুলিশ
খারাপ আবহাওয়ায় ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনাযুক্ত রাস্তাগুলিকে ফোকাস করে, নিউ ইয়র্ক স্টেট পুলিশ অতিরিক্ত পুলিশকর্মী নামিয়ে স্টেট জুড়ে নজরদারির আওতা বর্ধিত করেছে। ফোর-হুইল ড্রাইভ ভেহিকেল, স্নোমোবাইল, এবং UTV সহ বিশেষভাবে তৈরি স্টেট পুলিশের সমস্ত গাড়ী অবিলম্বে সহায়তার জন্য কৌশলগতভাবে কাজে লাগানো হয়েছে। আমরা আমাদের কার্যকলাপগুলি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন, নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথোরিটি এবং পুরো স্টেটের স্থানীয় অংশীদারদের সাথে সমন্বয় সাধন করছি।

জনসেবা অধিদপ্তর (Department of Public Service, DPS)
এই সপ্তাহান্তের তুষারপাতের এবং এর ফলে সম্ভাব্য ইউটিলিটি বিভ্রাটের আশঙ্কায়, জনসেবা অধিদপ্তর ইউটিলিটিগুলির সাথে অনবরত ও অপেক্ষাকৃত বেশি যোগাযোগ রাখছে ইউটিলিটি পরিকল্পনা, প্রস্তুতি কার্যক্রম এবং সহায়তার অনুরোধ সমন্বয় করার জন্য।

ঝড়ের প্রতিক্রিয়া এবং পুনঃস্থাপনের জন্য পুরো স্টেটে ইউটিলিটিগুলির রয়েছে প্রায় 4,300 বেজলাইন অভ্যন্তরীণ ও চুক্তিভিত্তিক ক্রু (লাইন ও ট্রি)। পাশাপাশি, ইউটিলিটিগুলি অতিরিক্ত 600 পূর্ণকালীন কর্মীর অনুরোধ করেছে এবং তারা তা পাবে। সব ক্রু শনিবার আসবে। সাধারণভাবে অতিরিক্ত ক্রুদের হাডসন ভ্যালি অঞ্চলে অবস্থান করানো হবে যেখানে সম্ভাব্য প্রভাব পড়বে বলে অনুমান করা যাচ্ছে। এছাড়াও ইউটিলিটিগুলি গ্যাস সিস্টেমের উপর ঝড়ের ঘটনার ফলে তাপমাত্রা ঠাণ্ডা হওয়ার সম্ভাব্য প্রভাব পর্যবেক্ষণ করবে।

DPS কল সেন্টার ঝড়ের প্রতিক্রিয়া ও পুনঃস্থাপন প্রয়োজনীয়তা সম্পর্কে কাস্টোমারদের সহায়তা করার জন্য শনিবার খোলা থাকার জন্য প্রস্তুত।

নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey)
এই সপ্তাহান্তের ঝড়ের ব্যাপারে পোর্ট অথোরিটি খুবই সতর্ক অবস্থায় রয়েছে এবং নিউ ইয়র্ক বিমানবন্দরগুলিসহ তাদের সব ফ্যাসিলিটিতে কর্মী ও সরঞ্জামের বিস্তৃত প্রস্তুতি নিয়েছে। MTA জার্সি শহরে তাদের মূল জরুরি অপারেশন কেন্দ্রটি শনিবার সন্ধ্যা 6টায় সক্রিয় করবে, যেটি পোর্ট অথোরিটির সকল ফ্যাসিলিটিকে তত্ত্বাবধান করবে। এছাড়াও শনিবার রাতে জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর (John F. Kennedy International Airport) ও লাগার্ডিয়া বিমানবন্দরে (LaGuardia Airport) জরুরি অপারেশন কেন্দ্র সক্রিয় করা হবে।

আগে থেকে ফ্লাইট বাতিল করা হবে কিনা এয়ারলাইনসগুলি এখন সেই সিদ্ধান্ত নিচ্ছে, কিন্তু বর্তমান পূর্বাভাসের ভিত্তিতে বলা যায় যে শনিবার রাত ও রবিবারে ব্যাপক পরিমাণ বাতিলকরণ হতে পারে। আজকে রাতে এবং বুধবারে বিমানবন্দরে যাওয়ার আগে ভ্রমণকারীদের উচিত তাদের ফ্লাইটটি যাচ্ছে কিনা তা ক্যারিয়ারের সাথে যোগাযোগ করে জেনে নেওয়া। প্রয়োজন হলে, টিকেটসহ যাত্রী যারা বিমানবন্দরে আটকা পড়তে পারে তাদের ব্যবস্থা করার জন্য পোর্ট অথোরিটি এয়ারলাইনসমূহ এবং টার্মিনাল অপারেটরদের সাথে একত্রে কাজ করতেও প্রস্তুত।

পোর্ট অথোরিটির সকল ফ্যাসিলিটি বিগত একই আকারের তুষারঝড়ের তুলনায় অতিরিক্ত কর্মী ও সরঞ্জাম ও অন্যান্য সংস্থান কাজে নিয়োজিত করবে। বিমানবন্দরগুলিতে 500 এর বেশি তুষার সরঞ্জাম নিয়ে পোর্ট অথোরিটি প্রস্তুত রয়েছে, যার মধ্যে আছে, মেলটার যেগুলি ঘন্টায় 500 টন তুষার গলাতে পারে এবং প্লাও যা ঘন্টায় 40 মাইল গতিতে তুষার পরিষ্কার করতে পারে।

টানেল, সেতু এবং বাস টার্মিনালগুলিতে, পোর্ট অথোরিটি বাসযাত্রীদের বিশেষ ভাবে অনুরোধ করছে যে ম্যানহাটন বাস টার্মিনালে যাওয়ার পূর্বে তাদের ক্যারিয়ারের সাথে যোগাযোগ করে নেওয়া যেহেতু পরিস্থিতির কারণে অনেক সরকারি বেসরকারি ক্যারিয়ার সেবা বিলম্ব বা বাতিল করতে পারে। প্রথম তুষারপাতের দুই ঘন্টা পূর্বেই এজেন্সির চারটি সেতুর রাস্তা অংশগুলিতে ব্যবস্থা নেওয়া হবে। আবহাওয়া পরিস্থিতির উপর ভিত্তি করে এজেন্সি তার সেতু ও টানেলগুলিতে গতি ও অন্যান্য সীমাবদ্ধতা আরোপ করতে পারে। বর্তমানে, সেতু ও টানেলগুলিতে পোর্ট অথোরিটির 90তীর বেশি তুষার সরঞ্জাম রয়েছে। এই সপ্তাহান্তে PATH ট্রেনগুলি তাদের নিয়মিত শনিবার ও রবিবারের সময়সূচি অনুযায়ী চলতে পারবে বলে আশা করা যাচ্ছে।

মহানগর পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA)
MTA শনিবার বিকালের মধ্যে রাস্তা থেকে আর্টিকুলেটেড - বা দীর্ঘতর - বাস তুলে নিবে। এই বাসগুলির পরিবর্তে সাধারণ 40-ফুট স্থানীয় বাস দেওয়া হবে, যেগুলি অপেক্ষাকৃত কম লম্বা এবং পিচ্ছিল রাস্তায় ভালোভাবে চলতে পারার জন্য শনিবার ও রবিবার এগুলিতে চেইন লাগানো হবে।

MTA 8,700 টন ডি-আইসার উপাদানসহ তুষারের সাথে লড়াই করার সরঞ্জাম এবং সেতু ও টানেলের জন্য 107টি ঝড় প্রতিহত করার সরঞ্জাম আগে থেকেই নির্দিষ্ট অবস্থানে পাঠিয়ে দিবে।

সাবওয়ের স্বাভাবিক সপ্তাহান্তের সেবা অব্যাহত থাকবে বলে আশা করা যাচ্ছে। MTA রেল হিটার, সুইচ হিটার এবং অতিরিক্ত সিগন্যাল রক্ষক সক্রিয় করবে। এছাড়াও MTA প্ল্যাটফর্ম, প্রবেশপথ ও বের হওয়ার পথে লবণ ও বালি প্রয়োগ করবে এবং ডি-আইসার ট্রেন চালাবে।

লং আইল্যান্ড রেলরোড এবং মেট্রো উত্তর রেলরোডেও আগামীকাল সপ্তাহান্তের স্বাভাবিক সেবা অব্যাহত থাকবে বলে আশা করা যাচ্ছে। তৃতীয় রেল থেকে বরফ ছেঁটে ফেলার জন্য ট্রেনগুলিতে স্ক্র্যাপার শু এর ব্যবস্থা করা হবে এবং MTA ডি-আইসার ট্রেন চালাবে।

নিরাপদ যাত্রা
এই ঝড়গুলির সময়, নিউ ইয়র্কবাসীদের বৃহস্পতিবার সন্ধ্যা ও শুক্রবার সকালে সেইসাথে উইকএন্ড পর্যন্ত যাতায়াতের সময় পিচ্ছিল রাস্তা সহ বরফ বয়ে যাওয়ার বা পড়া আশা করতে পারেন। চালকদের শুধু প্রয়োজনের সময় অতি সাবধানতা অবলম্বন করে ভ্রমণ করতে আহ্বান জানানো হচ্ছে।

নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা স্তূপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানোটা গুরুত্বপূর্ণ।
- আপনাকে আবশ্যিকভাবে ভ্রমণ করতে হলে, এটা নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়ের মতো টিকে থাকার সরঞ্জামাদি থাকে।
- প্লাবিত রাস্তার উপর দিয়ে গাড়ি চালাবেন না; ঘুরে গিয়ে অন্যদিক দিয়ে যান। প্রতি ঘন্টায় দুই মাইল বেগে বয়ে চলে জল একটা রাস্তা বা সেতু থেকে গাড়ি ভাসিয়ে নিয়ে যেতে পারে।

- যেসব জায়গায় নদী বা জলপ্রবাহ হঠাৎ বৃদ্ধি পেয়ে বন্যা আনতে পারে, যেমন হাইওয়ের গর্ত, সেতু ও নিচু এলাকা, সেখানে লক্ষ্য রাখুন।
- যদি আপনি আপনার গাড়ির ভিতরে থাকেন আর আপনার চারপাশে জল দ্রুতবেগে বাড়তে থাকে, তাহলে অবিলম্বে গাড়ি ছেড়ে চলে যান।

উপরন্তু, শীতকালীন ঝড়ের সময়ে সবচেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হল পরিবহন দুর্ঘটনা। ড্রাইভিং শুরুর আগে, আপনার গাড়ি যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন; ভালো দৃষ্টিশক্তি ভালো ড্রাইভিং এর চাবিকাঠি। থামার জায়গাগুলোর পরিকল্পনা করুন এবং গাড়িগুলির মধ্যে দূরত্ব বজায় রাখুন, অতিরিক্ত সতর্ক থাকুন, ও মনে রাখুন, বাতাস তাড়িত তুষারপুঞ্জ ছোট ছোট শিশুদের আড়াল করে দিতে পারে। অধিকন্তু, সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে আপনার গতি মেলান।

সব রাস্তার মোটরচালকদের জন্য এটা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটা সুনিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, স্নোপ্লাও পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কর্মক্ষম ও নিরাপদ উপায়।

এছাড়াও মোটরচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নোপ্লাও ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং স্নোপ্লাও এর আকার ও ওজন কৌশলে ও দ্রুত থামানো কষ্টকর করে তোলে। স্নোপ্লাও এর পেছন থেকে বরফ ওড়ানো অত্যধিক ভাবে দৃষ্টিশক্তি হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। মোটরচালকদের স্নোপ্লাও কে পার করে যাওয়ার চেষ্টা বা পেছনে খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। মোটরচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল স্নোপ্লাও এর বেশ পেছনে যেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত।

তীব্র ঠাণ্ডায় নিরাপত্তা

মৌসুমী পোশাক-আশাক পরিধান করুন

- ঢোলা, হালকা, একাধিক আস্তরণ-বিশিষ্ট গরম কাপড় পরিধান করুন। আস্তরণের মধ্যে আটকে পড়া বাতাস ইনস্যুলেটরের কাজ করে। ঘাম হওয়া এড়াতে, যেটা থেকে ঠাণ্ডা লেগে যেতে পারে, কাপড়ের আস্তরণ খুলে ফেলা যেতে পারে। বাইরের পোশাক দৃঢ়ভাবে বোনা, পানি রোধক এবং মাথার টুপি-যুক্ত হতে হবে।
- মাথায় সবসময় একটি হ্যাট বা টুপি পরিধান করুন কারণ আপনার শরীরের প্রায় অর্ধেক তাপমাত্রা মাথার খোলা তালু দিয়ে বেরিয়ে যেতে পারে।
- আপনার ফুসফুসকে তীব্র শীত থেকে সুরক্ষা দিতে স্কার্ফ দিয়ে মুখমণ্ডল ঢেকে রাখুন।
- কব্জি ঢাকতে হাতমোজার চেয়ে দস্তানা অধিক কার্যকর কারণ আঙুলগুলো পরস্পরের সংস্পর্শে অধিক উষ্ণ থাকে।

কায়িক শ্রম

শীতের ঝড়ো পরিস্থিতি এবং শৈত্য প্রবাহ এক প্রকার প্রাণঘাতী আবহাওয়া কারণ ঠাণ্ডা তাপমাত্রা আপনার হৃদপিণ্ডে বাড়তি চাপ ফেলে। অতিরিক্ত পরিশ্রম, যেমন তুষার পরিষ্কার করা, ময়লা সাফ করা অথবা গাড়ি ধাক্কা দেওয়া আপনার হার্ট অ্যাটাকের ঝুঁকি বাড়াতে পারে।

এসব সমস্যা এড়াতে, নিম্নোক্ত পরামর্শ মেনে চলুন:

- উষ্ণ থাকুন, গরম কাপড়-চোপড় পরিধান করুন এবং বাইরে কাজ করার সময় **ধীরে কাজ করুন**।
- অতিরিক্ত পরিশ্রম এড়াতে ঘনঘন বিশ্রাম নিন।
- বুকে ব্যথা অনুভব করলে – **থামুন** এবং তৎক্ষণাৎ কারো সাহায্য নিন।

হাইপোথারমিয়া
দীর্ঘ সময় ঠাণ্ডা তাপমাত্রায় থাকলে হাইপোথারমিয়া হতে পারে, বিশেষ করে শিশু ও বৃদ্ধদের।

নিম্নোক্ত উপসর্গগুলোর দিকে খেয়াল রাখুন:

- মনোযোগ দিতে না পারা
- দুর্বল সমন্বয়
- কথায় অস্পষ্টতা
- ঘুমঘুম ভাব
- অবসাদ
- তীব্র কাঁপুনির পর হঠাৎ করে কাঁপুনি থেমে যাওয়া

কোনো ব্যক্তির শরীরের তাপমাত্রা যদি 95 ডিগ্রি ফারেনহাইটের নিচে নেমে যায়, তাহলে তৎক্ষণাৎ জরুরি চিকিৎসা সহায়তা নিন। ভেজা কাপড় খুলে ফেলুন, রোগীকে গরম কম্বল দিয়ে মুড়ে ফেলুন, এবং বাইরের সাহায্য আসার আগ পর্যন্ত রোগীকে গরম, অ্যালকোহল ও ক্যাফেইন বিহীন তরল পান করতে দিন।

ফ্রস্টবাইট
শীতের দিনে যারা বাইরে কাজ করে বা খেলাধুলা করে তাদের অজ্ঞাতেও ফ্রস্টবাইট হতে পারে। ফ্রস্টবাইট রোগের শুরুর দিকে কোনো ব্যথা করবে না, সুতরাং নিম্নের বিপদ সংকেতগুলোর প্রতি লক্ষ্য রাখবেন:

- প্রথমত, ত্বকে অসাড়তা বোধ হতে পারে এবং রঙিন হয়ে যেতে পারে। তারপর এটি সাদা বা ধূসর-হলদে রূপ নিতে পারে। ফ্রস্টবাইটে আক্রান্ত ত্বক স্পর্শেই শিরশিরে অনুভূতি হতে পারে।
- ফ্রস্টবাইট হতে পারে সন্দেহ হলে, রোগীকে একটি উষ্ণ স্থানে সরিয়ে নিন। আক্রান্ত স্থানটি গরম ও শুকনো কিছু দিয়ে ঢেকে দিন। কখনো ঘষাঘষি করবেন না।
- তারপর অতিসত্বর কোনো ডাক্তারের কাছে অথবা হাসপাতালে নিয়ে যান।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন